পঞ্জিকা ১৪২৯

বিশুদ্ধ সিদ্ধান্ত মতানুযায়ী

মাতৃমন্দির সমিতি

মাতৃ মন্দির মার্গ, বি-২ ব্লক, সফদরজং এনক্লেভ, নিউ দিল্লী-১১০০২৯
ফোন ঃ ২৬১০৭৯৪৫/২৬১৭৭৪৩৮/৪৬২১৯৯৬৮
Website : www.matrimandirdelhi.com

श्री विष्णु जी की आरती

মাতৃ মন্দির সমিতি

।। শুভ নববর্ষ ।।

"ধ্বনিল আহ্বান মধুর গম্ভীর প্রভাত অম্বর মাঝে
দিকে দিগন্তরে ভুবন মন্দিরে শান্তি সঙ্গীত বাজে।"

— রবীন্দ্রনাথ ঠাকুর

মহামারীর প্রকোপ অনেকটাই বিনাশ করে অনেক বিপত্তি কাটিয়ে আমাদের জীবনযাত্রা ধীরে ধীরে স্বাভাবিক গতিতে ফিরছে। বাংলা নববর্ষ ১৪২৯ সাল সকলের জন্য শুভ হোক ঁমায়ের চরণে এই প্রার্থনা জানাই। মাতৃমন্দির সমিতির পক্ষ থেকে সকলকে জানাই শুভ নববর্ষের শুভেচ্ছা প্রীতি ও অভিনন্দন। প্রতি বারের মত এবারেও বিশুদ্ধ সিদ্ধান্ত মতানুযায়ী তথ্য সমৃদ্ধ ও প্রয়োজনীয় পঞ্জিকা আপনাদের জন্য প্রকাশিত হল।

মাতৃমন্দিরের উন্নয়নমূলক, সেবামূলক ও সাংস্কৃতিক কার্যসূচী আরম্ভ হয়েছে। ভারত সরকারের নির্দেশ অনুযায়ী মাতৃমন্দিরে দুর্গাপূজা, কালীপূজা, জগদ্ধাত্রী পূজা ও সরস্বতী পূজা পালিত হয়েছে। মন্দিরে ঁমায়ের সেবার জন্য নতুন একজন নিষ্ঠাবান পুরোহিত শ্রী বাপ্পাদিত্য চক্রবর্তী নিয়োজিত হয়েছেন।

গত বছর করোনা মহামারীর প্রকোপে আমরা আমাদের অনেক প্রিয়জন ও মাতৃমন্দির সমিতির আজীবন সদস্যদের হারিয়েছি। আমরা তাদের পবিত্র আত্মার শান্তি কামনা করি ও তাদের পরিবারবর্গকে জানাই আন্তরিক সমবেদনা।

সকলে সুস্থ থাকুন নিরাপদ থাকুন, সতর্ক থাকুন।

শ্রী পরিমল ভট্টাচার্য্য
(সভাপতি)

শ্রী স্বপন চক্রবর্তী
(সাধারণ সম্পাদক)

১লা বৈশাখ, ১৪২৯ (১৫ই এপ্রিল, ২০২২)

শুভ নববর্ষ ১৪২৯

।। শ্রীশ্রী-শিব স্তুতি ।।

"যে নার্চয়ন্তি গিরিশং সময়ে প্রদোষে
যে নার্চিতং শিবমপি প্রণমন্তি চান্যে।
যে তৎকথা শ্রুতিপূর্টৈনপিবন্তি মূঢ়া
স্তে জন্মজজন্মসু ভবন্তি নরা দরিদ্রাঃ

অনুবাদ - যাহারা প্রদোষে শিবের অর্চনা করে না, অপর যাহারা শিবকে পূজিত হইতে দেখিয়াও তাঁহাকে প্রণাম করে না, কিংবা যাহারা শিবকথা কর্ণবিবরের দ্বারা পান করে না, তাহারা মূঢ় এবং জন্মে জন্মে দরিদ্র মানব হইয়া জন্মগ্রহণ করে।

।। শ্রীশ্রী-দক্ষিণকালিকাস্তোত্রম্ ।।

"বদামস্তে কিম্বা জননী বয়মুচ্চৈজড়ধিয়ঃ
ন ধাতা না পীশ হরিরপি ন তে বেত্তি পরসম্।
তথাপি তদ্ভক্তিমুর্খরয়তি চাস্মাকমসিতে
তদেতৎ ক্ষন্তব্যং ন খলু পশুরোষঃ সমুচিত।।"

অনুবাদ - হে মাতঃ, হে অমিতে, ব্রহ্মা রুদ্র ও বিষ্ণু তোমার যথার্থ তত্ত্ব জানেন না। অতি মূঢ়মতি আমরা আবার তোমার স্তব কি করিব? তথাপি তোমার প্রতি ভক্তিই আমাদিগকে এই স্তবের দ্বারা মুখরিত করিতেছে; সুতরাং আমাদের এই ধৃষ্টতা ক্ষমা কর, কারণ মায়াবদ্ধ জীবের প্রতি কখনও কোপ করা সমুচিত নহে।

।। শ্রীশ্রী-বিষ্ণুস্তোত্রম্ ।।

"অবিনয়সপনয় বিষ্ণো দময় মনঃ শময় -
বিষয়মৃগতৃষ্ণাম্ ভূতদয়াং বিস্তারয় তারয় সংসারসারগতঃ।"

অনুবাদ - হে বিষ্ণু, আমার ঔদ্ধত্য দূর কর, অন্তঃকরণ সংযত কর, বিষয় - মৃগতৃষ্ণা শান্ত কর, জীবের প্রতি দয়া বিস্তার কর এবং আমায় সংসার সাগর হইতে ত্রাণ কর।

।। শ্রীশ্রী-মহালক্ষ্মী প্রণাম মন্ত্রঃ ।।

"পদ্মাসনস্থিতে দেবি পরব্রহ্ম স্বরূপিণী
পরমেশি জগন্মাতর্মহালক্ষ্মীর্ণমোহস্তুতে।।"

অনুবাদ -পদ্মাসনে স্থিতা, পরব্রহ্মরূপিণী, পরমেশ্বরী, জগন্মাতা, দেবী মহালক্ষ্মী তোমায় নমস্কার।

১৪২৯ বিশুদ্ধ সিদ্ধান্তমতানুক্রমে

(ইং ঃ ১৫ই এপ্রিল ২০২২ হইতে ১৪ই এপ্রিল ২০২৩ পর্য্যন্ত)

পূজা পার্ব্বনাদির শুভ কর্মের দশবিধ সংস্কারের সময়সূচি

বৈশাখ মাস - ৩১ দিন

১লা	(15.4.2022) শুক্রবার	শুভ নববর্ষ।
২রা	(16.4.2022) শনিবার	শ্রীশ্রী সত্যনারায়ণ পূজা (Satyanarayan Puja)। পূর্ণিমা পূর্বরাত্রি ২/২৬ মিঃ গতে অদ্য রাত্রি ১২/২৫ মিঃ পর্য্যন্ত।
৯ই	(23.4.2022) শনিবার	শ্রীশ্রী শনিপূজা (Soni Puja)।
১২ই	(26.4.2022) মঙ্গলবার	একাদশীর উপবাস
১৬ই	(30.4.2022) শনিবার	অমাবস্যার বিশেষ কালীপূজা (Amabasya Kalipuja)। অমাবস্যা পূর্ব্বরাত্রি ১২/৫৮ মিঃ গতে অদ্য রাত্রি ১/৫৮ মিঃ পর্য্যন্ত।
১৮ই	(1.5.2022) রবিবার	খণ্ডগ্রাস সূর্য্যগ্রহণ-ভারতবর্ষে অদৃশ্য
২০শে	(3.5.2022) বুধবার	শুভ অক্ষয় তৃতীয়া। ভগবান শ্রীশ্রী পরশুরামদেবের আবির্ভাব
২৪শে	(8.5.2022) রবিবার	শ্রীশ্রী লক্ষ্মীনারায়ণ (রাধামাধব) বিগ্রহের প্রতিষ্ঠা দিবসীয় বিশেষ পূজা যজ্ঞ কীর্ত্তনানুষ্ঠান (জহ্নুসপ্তমী)
২৮শে	(12.5.2022) বৃহস্পতিবার	একাদশীর উপবাস
৩১শে	(15.5.2022) রবিবার	শ্রীশ্রী সত্যনারায়ণ পূজা (Satyanarayan Puja)। পূর্ণিমা অদ্য দিবা ১২/৪৬ মিঃ গতে পরদিবস দিবা ৯/৪৪ মিঃ পর্য্যন্ত। (বুদ্ধপূর্ণিমা) বিষ্ণুপদী সংক্রান্তি।

জ্যৈষ্ঠ মাস - ৩১ দিন

১লা	(16.5.2022) সোমবার	পূর্ণগ্রাস চন্দ্রগ্রহণচ ভারতবর্ষে অদৃশ্য
৬ই	(21.5.2022) শনিবার	শ্রীশ্রী শনিপূজা (Soni Puja)।
১১ই	(26.5.2022) বৃহস্পতিবার	একাদশীর উপবাস।
১৩ই	(28.5.2022) শনিবার	সাবিত্রী চতুর্দ্দশী ব্রত। শ্রীশ্রী সাবিত্রী সত্যবান ও শ্রীশ্রীধর্মরাজ পূজা।
১৪ই	(29.5.2022) রবিবার	অমাবস্যার বিশেষ কালী পূজা (Amabasya Kali Puja)। শ্রীশ্রী ফলহারিণী কালিকাপূজা, অমাবস্যা অদ্য দিবা ২/৫৬ মিঃ গতে পরদিবস অপরাহ্ন ৫/০ মিঃ পর্যন্ত।

২১শে	(5.6.2022) রবিবার	জামাইষষ্ঠী। ষষ্ঠী অহোরাত্র।
২৬শে	(10.6.2022) শুক্রবার	শ্রীশ্রী গঙ্গাদশহরা।
২৭শে	(11.6.2022) শনিবার	নির্জলা একাদশীর উপবাস।
২৯শে	(13.6.2022) সোমবার	শ্রীশ্রী সত্যনারায়ণ পূজা (Satyanarayan Puja)। পূর্ণিমা অদ্য রাত্রি ৯/৩ মিঃ গতে পরদিবস অপরাহ্ন ৫/২২ মিঃ পর্য্যন্ত। শ্রীশ্রী জগন্নাথদেবের স্নানযাত্রা।
৩১শে	(15.6.2022) বুধবার	ষড়শীতি সংক্রান্তি।

আষাঢ় মাস - ৩১ দিন

৩রা	(18.6.2022) শনিবার	শ্রীশ্রী শনিপূজা
৭ই	(22.6.2022) বুধবার	দিবা ১/৪৩ মিঃ সময়ে অম্বুবাচী প্রবৃত্তি (আরম্ভ)।
৯ই	(24.6.2022) শুক্রবার	একাদশীর উপবাস।
১০ই	(25.6.2022) শনিবার	রাত্রি ১১/৩৪ মিঃ গতে অম্বুবাচী নিবৃত্তি (সমাপ্তি)।
১৩ই	(28.6.2022) মঙ্গলবার	অমাবস্যার বিশেষ কালীপূজা (Amabasya Kali Puja)। অমাবস্যা অদ্য প্রাতঃ ৫/৫৩ মিঃ গতে পরদিবস দিবা ৮/২২ মিঃ পর্য্যন্ত।
১৬ই	(1.7.2022) শুক্রবার	শ্রীশ্রী জগন্নাথদেবের রথযাত্রা।
১৭ই	(2.7.2022) শনিবার	শ্রীশ্রী বিপত্তারিণী পূজা।
২০শে	(5.7.2022) মঙ্গলবার	শ্রীশ্রী বিপত্তারিণী পূজা।
২৪শে	(9.7.2022) শনিবার	শ্রীশ্রী জগন্নাথদেবের পূর্ণযাত্রা (উল্টোরথ)
২৫শে	(10.7.2022) রবিবার	একাদশীর উপবাস। শয়ন একাদশী
২৮শে	(13.7.2022) বুধবার	শ্রীশ্রী সত্যনারায়ণ পূজা (Satyanarayan Puja)। পূর্ণিমা পূর্বরাত্রি ৪/১ মিঃ গতে অদ্য রাত্রি ১২/৮ মিঃ পর্য্যন্ত। (শ্রীশ্রীগুরুপূর্ণিমা)।
৩১শে	(16.7.2022) শনিবার	শ্রীশ্রী দক্ষিণায়ন সংক্রান্তি।

শ্রীশ্রীমনসাদেবী ও অষ্টনাগপূজা।

শ্রাবণ মাস - ৩২ দিন

২রা	(18.7.2022) সোমবার	শ্রীশ্রী নাগপঞ্চমী মনসা দেবী ও অষ্টনাগ পূজা
৭ই	(23.7.2022) শনিবার	শ্রীশ্রী শনিপূজা (Soni Puja)।
৮ই	(24.7.2022) রবিবার	একাদশীর উপবাস
১২ই	(28.7.2022) বৃহস্পতিবার	অমাবস্যার বিশেষ কালীপূজা (Amabasya Kali Puja)। অমাবস্যা পূর্বরাত্রি ৯/১২ মিঃ গতে অদ্যরাত্রি ১১/২৫ মিঃ পর্য্যন্ত

২৩শে	(8.8.2022) সোমবার	একাদশীর উপবাস।
২৬শে	(11.8.2022) বৃহস্পতিবার	শ্রীশ্রী সত্যনারায়ণ পূজা (Satyanarayan Puja)। পূর্ণিমা অদ্য দিবা ১০/৩৯ মিঃ গতে পরদিবস দিবা ৭/৬ মিঃ পর্য্যন্ত
২৭শে	(12.8.2022) শুক্রবার	রক্ষাবন্ধন (রাখী পূর্ণিমা)
৩১শে	(16.8.2022) মঙ্গলবার	শ্রীশ্রী মনসাদেবী ও অষ্টনাগ পূজা।
৩২শে	(17.8.2022) বুধবার	বিষ্ণুপদী সংক্রান্তি।

ভাদ্র মাস - ৩১ দিন

২রা	(19.8.2022) শুক্রবার	শ্রীশ্রীকৃষ্ণের জন্মাষ্টমী পূজা। অষ্টমী পূর্ব্বরাত্রি ৯/২২ মিঃ গতে অদ্যরাত্রি ১১/০ মিঃ পর্য্যন্ত।
৩রা	(20.8.2022) শনিবার	শ্রীশ্রী শনিপূজা (Soni Puja)।
৫ই	(22.8.2022) শুক্রবার	একাদশীর উপবাস।
৯ই	(26.8.2022) শুক্রবার	অমাবস্যার বিশেষ কালীপূজা (Amabasya Kali Puja)। অমাবস্যা অদ্য দিবা ১২/২৫ মিঃ গতে পরদিবস দিবা ১/৪৭ মিঃ পর্য্যন্ত। (কৌশিকী অমাবস্যা)
১৪ই	(31.8.2022) বুধবার	শ্রীশ্রী গণেশ চতুর্থী
১৫ই	(1.9.2022) বৃহস্পতিবার	শ্রীশ্রী মনসাদেবী ও অষ্টনাগ পূজা
১৮ই	(4.9.2022) রবিবার	শ্রীশ্রী রাধাষ্টমী ।
২০শে	(7.9.2022) বুধবার	পার্শ্ব একাদশীর উপবাস।
২৩শে	(9.9.2022) শুক্রবার	শ্রীশ্রী সত্যনারায়ণ পূজা (Satyanarayan Puja)। পূর্ণিমা অদ্য সন্ধ্যা ৬/৮ মিঃ গতে পরদিবস দিবা ৩/২৯ মিঃ পর্য্যন্ত।
২৫শে	(11.9.2022) রবিবার	অপরপক্ষীয় শ্রাদ্ধ ও তর্পণ আরম্ভ
৩১শে	(17.9.2022) শনিবার	শ্রীশ্রী বিশ্বকর্মা পূজা। ষড়শীতি সংক্রান্তি।

শ্রীশ্রী মনসা দেবী ও অষ্টনাগ পূজা সমাপন

আশ্বিন মাস - ৩০ দিন

৪ঠা	(21.9.2022) বুধবার	একাদশীর উপবাস
৭ই	(24.9.2022) শনিবার	শ্রীশ্রী শনিপূজা (Soni Puja)।
৮ই	(25.9.2022) রবিবার	অমাবস্যার বিশেষ কালীপূজা (Amabasya Kali Puja)। অমাবস্যা পূর্ব্বরাত্রি ৩/১৩ মিঃ গতে অদ্যরাত্রি ৩/২৫ মিঃ পর্য্যন্ত, পিতৃপক্ষীয় শ্রাদ্ধ ও তর্পণ সমাপন। মহালয়া।
৯ই	(26.9.2022) সোমবার	শ্রীশ্রী শারদীয়া দুগাদেবীর দেবীপক্ষীয় নবরাত্রিব্রত আরম্ভ।
১৯শে	(6.10.2022) বৃহস্পতিবার	একাদশীর উপবাস

২২শে (9.10.2022) রবিবার	শ্রীশ্রী সত্যনারায়ণ পূজা (Satyanarayan Puja)। পূর্ণিমা পূর্ব রাত্রি ৩/৪২ মিঃ গতে অদ্য রাত্রি ২/২৫ মিঃ পর্য্যন্ত। শ্রীশ্রী কোজাগরী লক্ষ্মীপূজা
৩০শে (17.10.2022) সোমবার	জলবিষুব সংক্রান্তি

শ্রীশ্রী শারদীয়া দুর্গামহাপূজার নির্ঘন্ট *(বিশুদ্ধ সিদ্ধান্ত মতানুক্রমে)*

দিল্লীর সূর্য্যোদয় দিবা ৬/১৮ মিঃ। সূর্য্যাস্ত ৬/০৩ মিঃ।

পূর্ব্বাহ্ন দিবা ১০/১৩ মিঃ।

শ্রীশ্রী দুর্গাদেবীর গজে আগমন। ফল - "গজে চ জলদা দেবী শস্যপূর্ণা বসুন্ধরা।"

১৪ই আশ্বিন (1.10.2022) শনিবার	ষষ্ঠী রাত্রি ঘঃ ৮/৪৭ মিঃ পর্যন্ত। শ্রীশ্রীদুর্গা ষষ্ঠী। দিবা ৭/৪৬ মিঃ গতে দিবা ১০/১৩ মিঃ মধ্যে শ্রীশ্রী শারদীয়া দুর্গাদেবীর ষষ্ঠ্যাদি কল্পারম্ভ এবং ষষ্ঠী বিহিত পূজা প্রশস্তা। সায়ংকালে শ্রীশ্রীদুর্গাদেবীর বোধন, আমন্ত্রণ ও অধিবাস।
১৫ই আশ্বিন (2.10.2022) রবিবার	মহাসপ্তমী রাত্রি ৬/৪৮ মিঃ পর্যন্ত। শ্রীশ্রী দুর্গাসপ্তমী। শ্রীশ্রী শারদীয়া দুর্গাপূজা। পূর্বাহ্ন ১০/১৩ মিঃ মধ্যে শ্রীশ্রী দুর্গাদেবীর নবপত্রিকা প্রবেশ, স্থাপন, সপ্তম্যাদি কল্পারম্ভ ও সপ্তমীবিহিত পূজা প্রশস্তা।
১৬ই আশ্বিন (3.10.2022) সোমবার	মহাষ্টমী অপঃ ৪/৩৮ মিঃ পর্যন্ত। পূর্ব্বাহ্ন মধ্যে শ্রীশ্রী শারদীয়া দুর্গাদেবীর মহাষ্টমী বিহিত পূজা প্রশস্তা। দিবা ৪/১৪ মিঃ গতে সন্ধিপূজারম্ভ। দিবা ৫/২ মিঃ মধ্যে সন্ধিপূজা সমাপন।
১৭ই আশ্বিন (4.10.2022) মঙ্গলবার	মহানবমী দিবা ২/২১ মিঃ পর্যন্ত। পূর্বাহ্ন মধ্যে শ্রীশ্রী দুর্গাদেবীর মহানবমীবিহিত পূজা প্রশস্তা।
১৮ই আশ্বিন (5.10.2022) বুধবার	দশমী দিবা ১২/১ মিঃ পর্যন্ত। বারবেলাঅনুরোধে ৯/১৪ মিঃ মধ্যে শ্রীশ্রী শারদীয়া দুর্গাদেবীর দশমী বিহিত পূজা ও বিসর্জন প্রশস্তা। বিসর্জনান্তে অপরাজিতা পূজা। বিজয়া দশেরা।।

শ্রীশ্রী দুর্গাদেবীর নৌকায় গমন। ফল- "নৌকায়াং শস্যবৃদ্ধি জলবৃদ্ধিশ্চ।"

কার্ত্তিক মাস - ৩০ দিন

৪ঠা	(21.10.2022) শুক্রবার	একাদশীর উপবাস
৫ই	(22.10.2022) শনিবার	শ্রীশ্রী শনি পূজা (Soni Puja)।
৭ই	(24.10.2022) সোমবার	দীপান্বিতা অমাবস্যার বিশেষ কালী পুজা (Amabasya Kali Puja)। অমাবস্যা অদ্য সন্ধ্যা ৫/২৮ মিঃ গতে - পরদিবস অপঃ ৪/১৯ মিঃ পর্য্যন্ত।
৮ই	(25.10.2022) মঙ্গলবার	খণ্ডগ্রাস সূর্য্যগ্রহণ। দিবা ২/২৯ মিঃ গতে - রাত্রি ৬//৩২ মিঃ পর্য্যন্ত।
১০ই	(27.10.2022) বৃহস্পতিবার	ভ্রাতৃদ্বিতীয়া, দ্বিতীয়া পূর্ব দিবস দিবা ২/৪৩ মিঃ গতে অদ্য দিবা ১২/৪৬ মিঃ পর্য্যন্ত।
১৫ই	(2.11.2022) বুধবার	শ্রীশ্রী জগদ্ধাত্রী পূজা
১৮ই	(4.11.2022) শুক্রবার	উত্থান একাদশীর উপবাস।
২১শে	(7.11.2022) সোমবার	শ্রীশ্রী সত্যনারায়ণ পূজা (Satyanarayan Puja)। পূর্ণিমা অপঃ ৪/১৭ মিঃ গতে পরদিবস অপঃ ৪/৩২ মিঃ পর্য্যন্ত। (রাসপূর্ণিমা)
২২শে	(8.11.2022) মঙ্গলবার	পূর্ণ্যগ্রাস চন্দ্রগ্রহণ, ভারতবর্ষে দৃশ্য। দিবা ২/৩৯ মিঃ গতে সন্ধ্যা ৬/১০ মিঃ পর্য্যন্ত।
৩০শে	(16.11.2022) বুধবার	বিষ্ণুপদী সংক্রান্তি। শ্রীশ্রী কার্ত্তিক পূজা এবং শ্রীশ্রী মিত্র ইতুপুজারম্ভ। প্রথমাষ্টমী

অগ্রহায়ণ মাস - ৩০ দিন

৩রা	(19.11.2022) শনিবার	শ্রীশ্রী শনিপূজা (Soni Puja)।
৪ঠা	(20.11.2022) রবিবার	একাদশীর উপবাস
৭ই	(23.11.2022) বুধবার	অমাবস্যার বিশেষ কালীপূজা (Amabasya Kali Puja)। অমাবস্যা প্রাতঃ ৬/৫৪ মিঃ গতে অদ্য রাত্রি ৪/২৭ মিঃ পর্য্যন্ত।
১২ই	(28.11.2022) সোমবার	মাতৃমন্দিরে শ্রীশ্রী কালীমাতার (কৃষ্ণকালী) প্রতিষ্ঠা দিবসীয় বিশেষ পূজা, হোম-যজ্ঞ, নাম-সংকীর্ত্তন অনুষ্ঠান। (মুখ্যচান্দ্র মার্গ শীর্ষ শুক্লাপঞ্চমী তিথি)
১৭ই	(3.12.2022) শনিবার	একাদশীর উপবাস। (মৌনী একাদশী), গীতাজয়ন্তী।

২১শে	(7.12.2022) বুধবার	শ্রীশ্রী সত্যনারায়ণ পূজা (Satyanarayan Puja)। পূর্ণিমা অদ্য দিবা ৮/২ মিঃ গতে পরদিবস দিবা ৯/৩৯ মিঃ পর্য্যন্ত।
৩০শে	(16.12.2022) শুক্রবার	ষড়শীতি সংক্রান্তি। শ্রীশ্রী মিত্র (ইতু) পূজা সমাপন।

পৌষ মাস - ২৯ দিন

১লা	(17.12.2022) শনিবার	শ্রীশ্রী শনিপূজা (Soni Puja)।
৩রা	(19.12.2022) সোমবার	এতাদশীর উপবাস
৬ই	(22.12.2022) বৃহস্পতিবার	অমাবস্যার বিশেষ কালী পূজা (Amabasya Puja)। অমাবস্যা অদ্য রাত্রি ৭/১৪ মিঃ গতে পরদিবস দিবা ৩/৪৭ মিঃ পর্যন্ত। বকুল অমাবস্যা।
১৬ই	(1.1.2023) রবিবার	মাতৃমন্দিরে দেবাদিদেব মহাদেবের (নৃপেশ্বর) প্রতিষ্ঠা দিবসীয় বিশেষ পূজা-হোম-যজ্ঞ-নাম সংকীর্তন অনুষ্ঠান। কল্পতরু উৎসব। ইংরাজী নববর্ষ ২০২৩।
১৭ই	(2.1.2023) সোমবার	একাদশীর উপবাস।
২১শে	(6.1.2023) শুক্রবার	শ্রীশ্রী সত্যনারায়ণ পূজা (Satyanarayan Puja)। পূর্ণিমা পূর্বরাত্রি ২/১৫ মিঃ গতে অদ্য রাত্রি ৪/৩৮ মিঃ পর্যন্ত।
২৯শে	(14.1.2023) শনিবার	উত্তরায়ণ সংক্রান্তি। মকর সংক্রান্তি।

মাঘ মাস - ৩০ দিন

৪ঠা	(18.1.2023) বুধবার	একাদশীর উপবাস।
৭ই	(21.1.2023) শনিবার	অমাবস্যার বিশেষ কালীপূজা (Amabasya Kali Puja)। অমাবস্যা পূর্ব শেষ রাত্রি ৬/১৮ মিঃ গতে অদ্য রাত্রি ২/২৩ মিঃ পর্য্যন্ত।
১১ই	(25.1.2023) বুধবার	শ্রীশ্রী গণেশ চতুর্থী
১২ই	(26.1.2023) বৃহস্পতিবার	শ্রীশ্রী সরস্বতী পূজা (বসন্ত পঞ্চমী)। পঞ্চমী পূর্ব দিবসীয় দিবা ১২/৩৫ মিঃ গতে অদ্য দিবা ১০/২৯ মিঃ পর্য্যন্ত।
১৩ই	(27.1.2023) শুক্রবার	শ্রীশ্রী শীতলষষ্ঠী।
১৮ই	(1.2.2023) বুধবার	ভৈমী একাদশীর উপবাস
২২শে	(5.2.2023) রবিবার	শ্রীশ্রী সত্যনারায়ণ পূজা (Satyanarayan Puja)। পূর্ণিমা পূর্ব্বরাত্রি ৯/৩০ মিঃ গতে অদ্য রাত্রি ১১/৫৯ মিঃ পর্য্যন্ত।

২৮শে	(11.2.2023) শনিবার	শ্রীশ্রী শনিপূজা (Soni Puja)।
৩০শে	(13.2.2023) সোমবার	বিষুঙপদী সংক্রান্তি।

ফাল্গুন মাস - ৩০ দিন

৩রা	(16.2.2023) বৃহস্পতিবার	একাদশীর উপবাস
৫ই	(18.2.2023) শনিবার	শ্রীশ্রী মহাশিবরাত্রি চতুর্দ্দশী অদ্য রাত্রি ৮/৩ মিঃ গতে পরদিবস অপঃ ৪/১৯ মিঃ পর্য্যন্ত।
৬ই	(19.3.2023) রবিবার	অমাবস্যার বিশেষ কালীপূজা (Amabasya Kali Puja)। অমাবস্যা অদ্য অপঃ ৪/১৯ মিঃ গতে পরদিবস দিবা ১২/৩৫ মিঃ পর্য্যন্ত।
১৮ই	(3.3.2023) শুক্রবার	একাদশীর উপবাস
২১শে	(6.3.2023) সোমবার	শ্রীশ্রী সত্যনারায়ণ পূজা (Satyanarayan Puja)। পূর্ণিমা অদ্য অপঃ ৪/১৮ মিঃ গতে পরদিবস সন্ধ্যা ৬/১০ মিঃ পর্য্যন্ত। দোলপূর্ণিমা।
২৬শে	(11.3.2023) শনিবার	শ্রীশ্রী শনিপূজা (Soni Puja)।
৩০শে	(15.3.2023) বুধবার	ষড়শীতি সংক্রান্তি।

চৈত্র মাস - ৩০ দিন

৩রা	(18.3.2023) শনিবার	একাদশীর উপবাস
৬ই	(21.3.2023) মঙ্গলবার	অমাবস্যার বিশেষ কালীপূজা (Amabasya Kali Puja)। অমাবস্যা পূর্বরাত্রি ১/৪৮ মিঃ গতে অদ্যরাত্রি ১০/৫৩ মিঃ পর্য্যন্ত।
৭ই	(22.3.2023) বুধবার	শ্রীশ্রী বাসন্তী দুর্গাপূজার দেবপক্ষীয় বসন্ত নবরাত্রিক আরম্ভ।
১১ই	(27.3.2023) সোমবার	শ্রীশ্রী অশোক ষষ্ঠী
১৪ই	(29.3.2023) বুধবার	শ্রীশ্রী অন্নপূর্ণা পূজা
১৫ই	(30.3.2023) বৃহস্পতিবার	শ্রীশ্রী রামনবমী।
১৭ই	(1.4.2023) শনিবার	একাদশীর উপবাস।
২১শে	(5.4.2023) বুধবার	শ্রীশ্রী সত্যনারায়ণ পূজা (Satyanarayan Puja)। পূর্ণিমা অদ্য দিবা ৯/২০ মিঃ হইতে পরদিবস দিবা ১০/৫ মিঃ পর্য্যন্ত।
২৪শে	(8.4.2023) শনিবার	শ্রীশ্রী শনিপূজা (Soni Puja)।
২৯শে	(13.4.2023) বৃহস্পতিবার	শ্রীশ্রীনীলপূজা ও উপবাস।
৩০শে	(14.4.2023) শুক্রবার	মহাবিষুব সংক্রান্তি। শ্রীশ্রী চড়কপূজা। মহাবীর জয়ন্তী।

বাংলা নববর্ষ ১লা বৈশাখ ১৪৩০ (15.4.2023) **শনিবার**

শুভ দিনের নির্ঘন্ট

১৪২৯ বঙ্গাব্দ (ইং ২০২৩-২০২৪)

শুভ বিবাহ

বৈশাখ মাস

৭ই	বৃহস্পতিবার	(২১ এপ্রিল)
৮ই	শুক্রবার	(২২ এপ্রিল)
১৪ই	বৃহস্পতিবার	(২৮ এপ্রিল)
১৮ই	সোমবার	(২ মে)
১৯শে	মঙ্গলবার	(৩ মে)

জ্যৈষ্ঠ মাস

১লা	সোমবার	(১৬ মে)
৫ই	শুক্রবার	(২০ মে)
১০ই	বুধবার	(২৫ মে)
১৬ই	মঙ্গলবার	(৩১ মে)
৩০শে	মঙ্গলবার	(১৪ জুন)

আষাঢ় মাস

২০শে	মঙ্গলবার	(৫ জুলাই)
২৩শে	শুক্রবার	(৮ জুলাই)
২৫শে	রবিবার	(১০ জলাই)
২৯শে	বৃহস্পতিবার	(১৪ জুলাই)

শ্রাবণ মাস

৩রা	বুধবার	(৫ জুলাই)
৪ঠা	বৃহস্পতিবার	(২১ জুলাই)
৭ই	রবিবার	(২৪ জুলাই)
৮ই	সোমবার	(২৫ জুলাই)
১৮ই	বৃহস্পতিবার	(৪ আগষ্ট)
৩০শে	মঙ্গলবার	(১৬ আগষ্ট)

অগ্রহায়ণ মাস

৩রা	শনিবার	(১৯ নভেম্বর)
৯ই	শুক্রবার	(২৫ নভেম্বর)
১২ই	সোমবার	(২১ নভেম্বর)
১৮ই	রবিবার	(৪ ডিসেম্বর)
২২শে	বৃহস্পতিবার	(৮ ডিসেম্বর)

মাঘ মাস

১লা	রবিবার	(১৫ জানুয়ারী)
৩রা	মঙ্গলবার	(১৭ জানুয়ারী)
৫ই	বৃহস্পতিবার	(১৯ জানুয়ারী)
৮ই	রবিবার	(২৪ জানুয়ারী)
১২ই	বৃহস্পতিবার	(২৬ ফেব্রুয়ারী)
১৩ই	শুক্রবার	(২৭ ফেব্রুয়ারী)

ফাল্গুন মাস

১৪ই	সোমবার	(২৭ ফেব্রুয়ারী)
২৪শে	বৃহস্পতিবার	(৯ মার্চ)

অতিরিক্ত বিবাহ

ভাদ্র মাস

৩রা	শনিবার	(২০ আগস্ট)
৪ঠা	রবিবার	(২১ আগস্ট)
১৪ই	বুধবার	(৩১ আগস্ট)
১৫ই	বৃহস্পতিবার	(১০ আগস্ট)
২১শে	বুধবার	(৭ সেপ্টেম্বর
২৬শে	সোমবার	(১২ সেপ্টেম্বর)

আশ্বিন মাস

১০ই	মঙ্গলবার	(২৭ সেপ্টেম্বর)
১৩ই	মঙ্গলবার	(৩০ সেপ্টেম্বর)
১৭ই	মঙ্গলবার	(৪ অক্টোবর)
১৮ই	বুধবার	(৫ অক্টোবর)
২৩শে	সোমবার	(১০ অক্টোবর)
২৭শে	শুক্রবার	(১৪ অক্টোবর)

কার্ত্তিক মাস

৫ই	শনিবার	(২২ অক্টোবর)

১২ই শনিবার (২৯ অক্টোবর)
১৪ই সোমবার (৩১ অক্টোবর)
১৫ই মঙ্গলবার (১ নভেম্বর)
১৭ই বৃহস্পতিবার (৩ নভেম্বর)
২৪শে রবিবার (১০ নভেম্বর)

শুভ অন্নপ্রাশন

বৈশাখ মাস
২০শে বুধবার (৩ মে)

জ্যৈষ্ঠ মাস
১৭ই বুধবার (১ জুন)
২৬শে শুক্রবার (১০ জুন)

আষাঢ় মাস
১৬ই শুক্রবার (১ জুলাই)
১৯শে সোমবার (৩ জুলাই)
২৬শে সোমবার (১১ জুলাই)

ভাদ্র মাস
১২ই সোমবার (২৯ আগস্ট)
১৫ই বৃহস্পতিবার (১ সেপ্টেম্বর)
২২শে বৃহস্পতিবার (৮ সেপ্টেম্বর)

আশ্বিন মাস
১৩ই শুক্রবার (৩০ অক্টোবর)
১৮ই বুধবার (৫ অক্টোবর)

কার্ত্তিক মাস
১১ই শুক্রবার (২৮ অক্টোবর)
১৭ই বৃহস্পতিবার (৩ নভেম্বর)
২০শে রবিবার (৬ নভেম্বর)

অগ্রহায়ণ মাস
৯ই শুক্রবার (২৫ নভেম্বর)
১২ই সোমবার (২৮ নভেম্বর)

পৌষ মাস
১৬ই রবিবার (১ জানুয়ারী)
১৯শে বুধবার (৪ জানুয়ারী)

মাঘ মাস
১২ই বৃহস্পতিবার (২৬ জানুয়ারী)
১৬ই সোমবার (৩০ জানুয়ারী)
২০শে শুক্রবার (৩ ফেব্রুয়ারী)

ফাল্গুন মাস
৯ই বুধবার (২২ ফেব্রুয়ারী)
১১ই শুক্রবার (২৪ ফেব্রুয়ারী)
১৬ই বুধবার (১ মার্চ)

চৈত্র মাস
৯ই বৃহস্পতিবার (২৩ মার্চ)
১১ই রবিবার (২৬ মার্চ)
১৬ই শুক্রবার (৩১ মার্চ)
১৯শে সোমবার (৩ এপ্রিল)

গৃহারম্ভ ও গৃহপ্রবেশ

বৈশাখ মাস
২০শে বুধবার (৪ মে)
২১শে বৃহস্পতিবার (৫ মে)
২২শে শুক্রবার (৬ মে)
২৮শে বৃহস্পতিবার (১২ মে)
২৯শে শুক্রবার (১৩ মে)
৩০শে শনিবার (১৪ মে)

আষাঢ় মাস
১৪ই বুধবার (২৯ জুন)
১৫ই বৃহস্পতিবার (৩০ জুন)
১৬ই শুক্রবার (১ জুলাই)
২১শে বুধবার (৬ জুলাই)
২৪শে শনিবার (৯ জুলাই)
২৬শে সোমবার (১১ জুলাই)

শ্রাবণ মাস
১৮ই বৃহস্পতিবার (৪ আগষ্ট)
২৩শে মঙ্গলবার (৯ আগষ্ট)
২৫শে বৃহস্পতিবার (১১ আগষ্ট)

অগ্রহায়ণ মাস
২২শে শুক্রবার (৯ ডিসেম্বর)

ফাল্গুন মাস

৭ই	সোমবার	(২০ ফেব্রুয়ারী)
৯ই	বুধবার	(২২ ফেব্রুয়ারী)
১১ই	শুক্রবার	(২৪ ফেব্রুয়ারী)
১৬ই	বুধবার	(১ মার্চ)
১৭ই	বৃহস্পতিবার	(২ মার্চ)
১৮ই	শুক্রবার	(৩ মার্চ)
১৯শে	শনিবার	(৪ মার্চ)

পঞ্চামৃত

বৈশাখ মাস

১৭ই	রবিবার	(১ মে)
১৯শে	মঙ্গলবার	(৩ মে)
২১শে	বৃহস্পতিবার	(৫ মে)
২২শে	শুক্রবার	(৬ মে)
২৪শে	রবিবার	(৮ মে)
২৮শে	বৃহস্পতিবার	(১২ মে)
২৯শে	শুক্রবার	(১৩ মে)

জ্যৈষ্ঠ মাস

১৬ই	মঙ্গলবার	(৩১ মে)
১৮ই	বৃহস্পতিবার	(২ জুন)
২৬শে	শুক্রবার	(১০ জুন)
২৮শে	রবিবার	(১২ জুন)
৩০শে	মঙ্গলবার	(১৪ জুন)

আষাঢ় মাস

১৫ই	বৃহস্পতিবার	(৩০ জুন)
১৬ই	শুক্রবার	(১ জুলাই)

শ্রাবণ মাস

১৫ই	সোমবার	(১ আগষ্ট)
১৭ই	বুধবার	(২ আগষ্ট)
২২শে	সোমবার	(৮ আগষ্ট)

ভাদ্র মাস

১১ই	রবিবার	(২৮ আগষ্ট)
১৩ই	মঙ্গলবার	(৩০ আগষ্ট)
১৫ই	বৃহস্পতিবার	(১ সেপ্টেম্বর)
১৬ই	শুক্রবার	(২ সেপ্টেম্বর)
১৮ই	রবিবার	(৪ সেপ্টেম্বর)

আশ্বিন মাস

১০ই	মঙ্গলবার	(২৭ সেপ্টেম্বর)
১৩ই	শুক্রবার	(৩০ সেপ্টেম্বর)
১৫ই	রবিবার	(২ অক্টোবর)

কার্ত্তিক মাস

১০ই	বৃহস্পতিবার	(২৭ অক্টোবর)
১১ই	শুক্রবার	(২৮ অক্টোবর)
২০শে	রবিবার	(৬ নভেম্বর)

অগ্রহায়ন মাস

৮ই	বৃহস্পতিবার	(২৪ নভেম্বর)
৯ই	শুক্রবার	(২৫ নভেম্বর)
২২শে	বৃহস্পতিবার	(৮ ডিসেম্বর)

পৌষ মাস

১৪ই	শুক্রবার	(৩০ ডিসেম্বর)
১৬ই	রবিবার	(১ জানুয়ারী)
১৮ই	মঙ্গলবার	(৩ জানুয়ারী)

মাঘ মাস

১২ই	বৃহস্পতিবার	(২৬ জানুয়ারী)
১৩ই	শুক্রবার	(২৭ জানুয়ারী)
১৫ই	রবিবার	(২৯ জানুয়ারী)
১৭ই	মঙ্গলবার	(৩১ জানুয়ারী)
২০শে	শুক্রবার	(৩ ফেব্রুয়ারী)
২২শে	রবিবার	(৫ ফেব্রুয়ারী)

ফাল্গুন মাস

১১ই	শুক্রবার	(২৪ ফেব্রুয়ারী)
১৩ই	রবিবার	(২৬ ফেব্রুয়ারী)
১৭ই	বৃহস্পতিবার	(২ মার্চ)
১৮ই	শুক্রবার	(৩ মার্চ)
২২শে	মঙ্গলবার	(৭ মার্চ)

চৈত্র মাস

৮ই	বৃহস্পতিবার	(২৩ মার্চ)
১১ই	রবিবার	(২৬ মার্চ)
১৩ই	মঙ্গলবার	(২৮ মার্চ)
১৬ই	শুক্রবার	(৩১ মার্চ)
১৮ই	রবিবার	(২ এপ্রিল)

২০শে মঙ্গলবার (৪ এপ্রিল)
২২শে বৃহস্পতিবার (৬ এপ্রিল)

সাধভক্ষণ

বৈশাখ মাস
২২শে শুক্রবার (৬ মে)
২৪শে রবিবার (৮ মে)
২৮শে বৃহস্পতিবার (১২ মে)
২৯শে শুক্রবার (১৩ মে)

আষাঢ় মাস
১৫ই বৃহস্পতিবার (৩০ জুন)
১৬ই শুক্রবার (১ জুলাই)
২১শে বুধবার (৬ জুলাই)
২৬শে সোমবার (১১ জুলাই)

শ্রাবণ মাস
২৩শে মঙ্গলবার (৯ আগষ্ট)

ভাদ্র মাস
১২ই সোমবার (২৯ আগষ্ট)
১৫ই বৃহস্পতিবার (১ সেপ্টেম্বর)
২২শে বৃহস্পতিবার (৮ সেপ্টেম্বর)

আশ্বিন মাস
৯ই সোমবার (২৬ অক্টোবর)
১৮ই বুধবার (৫ অক্টোবর)
১৯শে বৃহস্পতিবার (৬ অক্টোবর)

কার্ত্তিক মাস
৯ই বুধবার (২৬ অক্টোবর)
১৭ই বৃহস্পতিবার (৩ নভেম্বর)
২০শে রবিবার (৬ নভেম্বর)

অগ্রহায়ণ মাস
৯ই শুক্রবার (২৫ নভেম্বর)
১২ই সোমবার (২৮ নভেম্বর)
১৪ই বুধবার (৩০ নভেম্বর)

পৌষ মাস
১৯শে রবিবার (৪ জানুয়ারী)

মাঘ মাস
৮ই রবিবার (২২ জানুয়ারী)
১৩ই শুক্রবার (২৭ জানুয়ারী)

ফাল্গুন মাস
৭ই সোমবার (২০ ফেব্রুয়ারী)
১৭ই বৃহস্পতিবার (২ মার্চ)
১৮ই শুক্রবার (৩ মার্চ)

চৈত্র মাস
৮ই শনিবার (২৩ মার্চ)
১১ই রবিবার (২৬ মার্চ)
১৬ই শুক্রবার (৩১ মার্চ)

উপনয়ন

বৈশাখ মাস
২১শে বৃহস্পতিবার (৫ মে)
২২শে শুক্রবার (৬ মে)
২৮শে বৃহস্পতিবার (১২ মে)
২৯শে শুক্রবার (১৩ মে)

জ্যৈষ্ঠ মাস
১৮ই বৃহস্পতিবার (২ জুন)
২৬শে শুক্রবার (১০ জুন)

আষাঢ় মাস
১৯শে সোমবার (৪ জুলাই)

ফাল্গুন মাস
১৭ই বৃহস্পতিবার (২ মার্চ)

মাতৃমন্দিরের স্বনামধন্য পুরোহিতগণ

ডঃ সুধাংশু কুমার মহাপাত্র	ঃ	প্রধান পুরোহিত
শ্রী মৃণাল কান্তি গোস্বামী	ঃ	পুরোহিত
শ্রী বাপ্পাদিত্য চক্রবর্ত্তী	ঃ	পুরোহিত

১৪৩০ বঙ্গাব্দের (ইং ২০২৩-২০২৪ খ্রীষ্টাব্দের)
কয়েকটি জন্মোৎসব ও প্রধান প্রধান পর্বের সম্ভাব্য তালিকা

পর্ব	বাংলা তারিখ	ইংরাজী তারিখ
	বৈশাখ	
নববর্ষ - ১৪৩০	১লা বৈশাখ	১৫ই এপ্রিল
অক্ষয় তৃতীয়া	৯ই বৈশাখ	২৩শে এপ্রিল
শঙ্করাচার্য্যজয়ন্তী	১১ই বৈশাখ	২৫শে এপ্রিল
বুদ্ধপূর্ণিমা	২১শে বৈশাখ	৫ই মে
কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মদিবস	২৫শে বৈশাখ	৯ই মে
	জ্যৈষ্ঠ	
শ্রীশ্রী ফলহারিণী কালিকা পূজা	৩রা জ্যৈষ্ঠ	১৮ই মে
জামাই ষষ্ঠী	১৯ই জ্যৈষ্ঠ	২৫শে মে
শ্রীশ্রী গঙ্গাদশহরা	১৫ই জ্যৈষ্ঠ	৩০শে মে
শ্রী কৃষ্ণের স্নানযাত্রা	২০শে জ্যৈষ্ঠ	৪ঠা জুন
	আষাঢ়	
রথযাত্রা	৫ই আষাঢ়	২০শে জুন
খারচী পূজা (ত্রিপুরা)	১১ই আষাঢ়	২৬শে জুন
পূণর্যাত্রা	১৩ই আষাঢ়	২৮শে জুন
গুরুপূর্ণিমা	১৮ই আষাঢ়	৩রা জুলাই
নাগপঞ্চমী	২২শে আষাঢ়	৭ই জুলাই
মনসাপূজা	৩১শে আষাঢ়	১৬ই জুলাই
	শ্রাবণ	
স্বাধীনতা দিবস	২৯শে শ্রাবণ	১৫ই আগষ্ট
মনসাপূজা	২৯শে শ্রাবণ	১৭ই আগষ্ট
	ভাদ্র	
নাগপঞ্চমী	৪ঠা ভাদ্র	২১শে আগষ্ট
শ্রীকৃষ্ণের ঝুলনযাত্রারম্ভ	১০ই ভাদ্র	২৭শে আগষ্ট
রাখীপূর্ণিমা	১৪ই ভাদ্র	৩১শে আগষ্ট
জন্মাষ্টমী(স্মার্ত্ত)	২০শে ভাদ্র	৬ই সেপ্টেম্বর
জন্মাষ্টমী(বৈষ্ণবমতে)	২১শে ভাদ্র	৭ই সেপ্টেম্বর
শ্রীশ্রী বিশ্বকর্মাপূজা	৩১শে ভাদ্র	১৭ই সেপ্টেম্বর
	আশ্বিন	
গণেশ চতুর্থী	২রা আশ্বিন	১৯শে সেপ্টেম্বর
ঠাকুর অনুকূলচন্দ্রের জন্মতিথি	৭ই আশ্বিন	২৪শে সেপ্টেম্বর
অপরপক্ষীয় শ্রাদ্ধ ও তর্পণ আরম্ভ	১৩ই আশ্বিন	৩০শে সেপ্টেম্বর
মহাত্মাগান্ধীর জন্মদিন	১৫ই আশ্বিন	২রা অক্টোবর
মহালয়া অমাবস্যা	২৭শে আশ্বিন	১৪ই অক্টোবর

পর্ব	বাংলা তারিখ	ইংরাজী তারিখ
	কার্ত্তিক	
শ্রীশ্রী দুর্গাপূজা (সপ্তমী)	৩রা কার্ত্তিক	২০শে অক্টোবর
শ্রীশ্রী দুর্গাপূজা (অষ্টমী)	৪ঠা কার্ত্তিক	২১শে অক্টোবর
শ্রীশ্রী দুর্গাপূজা (নবমী)	৫ই কার্ত্তিক	২২শে অক্টোবর
শ্রীশ্রী বিজয়া দশমী	৬ই কার্ত্তিক	২৩শে অক্টোবর
শ্রীশ্রী কোজাগরী লক্ষ্মীপূজা	১০ই কার্ত্তিক	২৭শে অক্টোবর
শ্রীশ্রী শ্যামাপূজা (দীপাবলী)	২৫শে কার্ত্তিক	১১ই নভেম্বর
ভ্রাতৃদ্বিতীয়া	২৮শে কার্ত্তিক	১৪ই নভেম্বর
শ্রীশ্রী কার্ত্তিক পূজা	৩০শে কার্ত্তিক	১৬ই নভেম্বর
	অগ্রহায়ণ	
শ্রীশ্রী জগদ্ধাত্রী পূজা	৪ঠা অগ্রহায়ণ	২০শে নভেম্বর
গুরু তেগবাহাদুরের আত্মবলিদান	৭ই অগ্রহায়ণ	২৩শে নভেম্বর
শ্রীশ্রী কৃষ্ণের রাসযাত্রা (স্মার্ত্ত)	৯ই অগ্রহায়ণ	২৫শে নভেম্বর
শ্রীশ্রী কৃষ্ণের রাসযাত্রা (বৈষ্ণব)	১০ই অগ্রহায়ণ	২৬শে নভেম্বর
গুরু নানকের জন্মতিথি	১০ই অগ্রহায়ণ	২৬শে নভেম্বর
	পৌষ	
শ্রীশ্রী সারদামাতার আবির্ভাব তিথি	১৮ই পৌষ	৩রা জানুয়ারী
মকর সংক্রান্তি	২৯শে পৌষ	১৫ই জানুয়ারী
	মাঘ	
গুরু গোবিন্দ সিং-মের জন্মদিবস	২রা মাঘ	১৬ই জানুয়ারী
নেতাজীর জন্মদিন	৮ই মাঘ	২৩শে জানুয়ারী
প্রজাতন্ত্র দিবস	১১ই মাঘ	২৬শে জানুয়ারী
শ্রীশ্রীরটন্তী কালিকা পূজা	২৪শে মাঘ	৭ই ফেব্রুয়ারী
বিনায়ক চতুর্থী	২৯শে মাঘ	১২ই ফেব্রুয়ারী
	ফাল্গুন	
শ্রীশ্রী সরস্বতী পূজা	১লা ফাল্গুন	১৪ই ফেব্রুয়ারী
রামঠাকুরের জন্মতিথি	৮ই ফাল্গুন	২১শে ফেব্রুয়ারী
মাঘী পূর্ণিমা	১১ই ফাল্গুন	২৪শে ফেব্রুয়ারী
শিবচতুর্দ্দশী (স্মার্ত্ত)	২৪শে ফাল্গুন	৭ই মার্চ
শ্রীশ্রীরামকৃষ্ণদেবের জন্মতিথি	২৮শে ফাল্গুন	১৩ই মার্চ
	চৈত্র	
শ্রীশ্রীচৈতন্য মহাপ্রভুর জন্মতিথি	১১ই চৈত্র	২৩শে মার্চ
শ্রীকৃষ্ণের দোলযাত্রা	১১ই চৈত্র	২৩শে মার্চ
চৈত্রশুক্লাদি	২৬শে চৈত্র	১০ই এপ্রিল
চৈত্র সংক্রান্তি (চড়কপূজা)	৩০শে চৈত্র	১৪ই এপ্রিল

বিশেষ বিজ্ঞপ্তি

মাতৃ মন্দিরের নিত্যপূজাদি সংক্রান্ত সময়সূচী ঃ

	গ্রীষ্মকাল (এপ্রিল-সেপ্টেম্বর)			শীতকাল (অক্টোবর-মার্চ)	
মঙ্গলারতি	প্রাতঃ	৫-৩০মিঃ	.....	প্রাতঃ	৬-৩০মিঃ
পূজারম্ভ	সকাল	৭-৩০মিঃ	.....	সকাল	৮ ঘটিকা
ভোগারতি	দিবা	১১-৩০মিঃ	.....	দিবা	১২ ঘটিকা
মন্দিরবন্ধ	দুপুর	১২ ঘটিকা	.....	দুপুর	১২-৩০মিঃ
সন্ধ্যারতি	সন্ধ্যা	৭-৩০মিঃ	.....	সন্ধ্যা	৬-৩০মিঃ
মন্দিরবন্ধ	রাত	৯-৩০মিঃ	.....	রাত	৯ ঘটিকা

মাতৃমন্দিরে ব্যক্তিগত বিভিন্ন ক্রিয়া কর্ম ও পূজাদির জন্য নির্ধারিত দান নিম্নলিখিত হারে মন্দির অফিসে জমা দিতে হবে ঃ-

সংখ্যা	বিভিন্ন ক্রিয়া কর্ম ও পূজা	ন্যূনতম মন্দিরের দান (টাকা)	ন্যূনতম পুরোহিতকে দান	
			(দ্রব্যাদিসহ-টাকা)	(দ্রব্যাদিছাড়া-টাকা)
১.	অভ্যুদায়িক (নান্দিমুখ)	১৫০০	৭০০	৫০০
২.	অন্নপ্রাশন (আভুদায়িক সহ)	১০০০	৮০০	৫০০
৩.	উপনয়ন (আভুদায়িক সহ)	১৫০০	১২০০	১০০০
৪.	শ্রাদ্ধ ঃ ক) ষোলদান	২০০০	১০০০	৪০০
	খ) দ্বাদশদান	১৫০০	৭০০	৫০০
	গ) ছয়দান	১৫০০	৬০০	৫০০
	ঘ) অন্নজলবস্ত্র দান	৫০০	৫০০	৫০০
৫.	চতুর্থী	১০০০	৬০০	৫০০
৬.	সাম্বাৎসরিক	১৫০০	৬০০	৪০০
৭.	সপিণ্ডীকরণ (বারমাস)	১০০০	৬০০	৪০০
৮.	মাসিক শ্রাদ্ধ (প্রতিমাস)	৫০০	৪০১	৪০০
৯.	ভোজ্যদান	৩০০	১৫১	১০১
১০.	মন্দিরে বিশেষ পূজা	২০০	--	--
১১.	মায়ের বিশেষ ভোগ	৫০০	--	--

i) উক্ত দান এবং পুরোহিতের প্রাপ্য ব্যতীত প্রত্যেক ক্রিয়াকর্মের জন্য সেবায়েতকে ৫০ টাকা দেয়।

ii) উপরোক্ত নিজস্ব কাজের জন্য পূর্ব হইতে স্থান সংরক্ষণের জন্য মন্দির অফিসে যোগাযোগ করতে হবে।

iii) মন্দিরে শ্রদ্ধেয় পুরোহিত মহাশয়গণ মন্দিরের নিত্যপুজার পরেই উল্লেখ্য ব্যক্তিগত শুভকর্ম ও শ্রাদ্ধ শান্তি সম্পাদন করতে পারবেন।

iv) কোন ভক্ত যদি মায়ের বিশেষ ভোগ দিতে ইচ্ছা করেন, তবে মন্দির অফিসে ৫০০ টাকা দিয়ে দিন ধার্য্য করতে পারেন।

v) মন্দিরে যদি গাড়ি পুজো, স্কুটার পুজো করাতে ইচ্ছা প্রকাশ করেন, তবে মন্দির অফিসে যথাক্রমে ৫০১, ১৫১ টাকা জমা দিতে হবে।

vi) কোন ভক্ত যদি প্রতি মাসের অনুষ্ঠিত সত্যনারায়ণ, শনি ও অমাবস্যা পূজা দিতে ইচ্ছা করেন, তবে মন্দির অফিসে প্রতি পূজা ১০ টাকা হিসাবে নাম ও গোত্রসহ জমা দিতে পারেন।

ধর্মীয় কার্যসমূহ

- মা কালী, শিব এবং লক্ষী-নারায়ণ মন্দিরের নিত্যপূজা এবং বিশেষ পূজার আয়োজন করা হয়।
- দুর্গাপূজা, শ্যামাপূজা, জগদ্ধাত্রী পূজা, সরস্বতী পূজা এবং অন্নপূর্ণা পূজা ছাড়াও অন্যান্য পূজার আয়োজন করা হয়।
- মা কালী, শিব ও লক্ষ্মী-নারায়ণ মন্দিরের প্রতিষ্ঠা দিবসের বিশেষ পূজা।
- বছরের বিভিন্ন সময়ের হিন্দু পূজা-পার্বণ।
- বিশেষ পূজা, অমাবস্যা পূজা, সত্যনারায়ণ পূজা, শনিপূজা, উপনয়ন, শ্রাদ্ধ ইত্যাদির ব্যবস্থা করা হয়।
- প্রতি মাসে অমাবস্যার রাতে কালিমাতার বিশেষ পূজা ও ভোগপ্রসাদ বিতরণ।
- ধর্মীয় আলোচনার আয়োজন করা হয়।
- প্রতি মাসের ১ম ও ৩য় শনিবার বেলা ১০.৩০ মিঃ থেকে ১১.৩০ মিঃ পর্যন্ত 'শ্রীরামকৃষ্ণ কথামৃত' পাঠ।

সাংস্কৃতিক কার্যসমূহ

- বাংলা ১লা বৈশাখ ও ২৫শে বৈশাখ তথা ইংরাজি ১লা জানুয়ারী, ২৩ শে জানুয়ারি, ২৬শে জানুয়ারি এবং ১৫ই আগষ্ট প্রভৃতি বিশেষ দিনগুলিতে সাংস্কৃতিক এবং বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়।
- নিজস্ব গ্রন্থাগার পরিচালনা করা হয়।
- নিজস্ব ষান্মাসিক পত্রিকা 'মাতৃমন্দির সংবাদ'-এর নিয়মিত প্রকাশ করা হয়।
- দুর্গাপূজা, জগদ্ধাত্রী পূজা, অন্নপূর্ণা পূজা প্রভৃতি দিনগুলিতে সাংস্কৃতিক ও বিচিত্র অনুষ্ঠানের আয়োজন করা হয়।
- প্রতিমাসের প্রথম রবিবার মাতৃমন্দিরের পরিচালনায় 'সাহিত্য-বাসর' (সৃষ্টির)র অনুষ্ঠান করা হয়।
- বঙ্গ ভাষী সমিতির সহযোগিতায় প্রতি রবিবার বাংলাভাষা শিক্ষার ক্লাসের আয়োজন করা হয়।
- প্রতিমাসের ৩য় রবিবার সন্ধ্যা সাড়ে ছয়টা থেকে 'বঙ্গ-সংস্কৃতির সন্ধ্যার আসর' - সংস্কৃতিপ্রেমী সবাই এই আসরে সু-স্বাগত।
- এছাড়াও সঙ্গীত, চিত্রাঙ্কন ইত্যাদি শেখানোর ক্লাস করানো হয় এবং বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন করা হয়।
- প্রতি শনিবার বিকেলে সঙ্গীত ও চিত্রাঙ্কন শিক্ষার ক্লাস হয়।
- ১লা বৈশাখ নতুন বছরে মাতৃ মন্দিরের নিজস্ব পঞ্জিকা বিতরণ এবং মিষ্টিমুখ-এর আয়োজন করা হয়।

সামাজিক কার্যসমূহ

- ধর্মশালা পরিচালনা এবং থাকা-খাওয়ার সুব্যবস্থা করা হয়।
- প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে দান।
- বিদ্যালয়ের মেধাবী ও দুঃস্থ ছাত্র-ছাত্রীদের আর্থিক সাহায্য ও বৃত্তি প্রদান করা হয়।
- বিভিন্ন সামাজিক সংস্থাগুলিকে সৎকার্যের জন্য সহায়তা ও সাহায্য করা হয়।
- মাতৃমন্দিরের মঞ্চ এবং উদ্যানটিকে বিভিন্ন সমাজকল্যানমূলক কার্যের জন্য নিঃশুল্ক ভাবে নিখরচায় দেওয়া হয়।
- সকলের অবগতির জন্য মাতৃমন্দিরের নিজস্ব ওয়েবসাইটের ব্যবস্থা রয়েছে।

(www.matrimandirdelhi.com)

ধর্মশালা

মাতৃমন্দিরে তীর্থযাত্রী এবং পর্যটকদের জন্য ধর্মশালায় থাকা এবং ভোগ প্রসাদের সুব্যবস্থা আছে। এই ধর্মশালায় থাকার জন্য অগ্রিম বুকিং-এর ব্যবস্থাও আছে। ধর্মশালায় থাকার জন্য বিভিন্ন ধরনের ঘরের ব্যবস্থা আছে — তার মধ্যে দুই শয্যা বিশিষ্ট, চার শয্যা বিশিষ্ট, ডরমিটারি ইত্যাদি অন্যতম।

ধর্মশালা সম্বন্ধীয় বিস্তারিত বিবরণের জন্য মাতৃমন্দির অফিসে যোগাযোগ করতে পারেন অথবা ওয়েব সাইটে দেখতে পারেন।

লাইব্রেরী

মাতৃমন্দির লাইব্রেরী চালু হওয়ার পর থেকেই প্রভুত সাড়া পাওয়া গেছে। ইতিমধ্যে সদস্য সংখ্যাও বেড়েছে। মাতৃমন্দিরের সদস্য ছাড়া বাইরের লোকও সদস্য হতে পারেন। বর্তমানে প্রতিদিন সন্ধ্যা ৬.৩০ মিঃ থেকে ৮.৩০ মিঃ এবং রবিবার বেলা ১১টা থেকে দুপুর ১টা লাইব্রেরী খোলা থাকে।

বই, ম্যাগাজিন ইত্যাদির সংখ্যা ক্রমশঃ বেড়ে চলেছে। রিডিং রুমের ব্যবস্থাও আছে। বিশদ বিবরণের জন্য লাইব্রেরীয়ানের সাথে বা মাতৃমন্দির অফিসে যোগাযোগ করতে পারেন। নতুন ও পুরাতন বহু মূল্যবান গ্রন্থ সম্ভারে সমৃদ্ধ এই গ্রন্থাগারের সদস্য হয়ে পুস্তক পাঠের আনন্দ উপভোগ করুন। যে কোন বইপিপাসু পাঠক নামমাত্র মূল্যের বিনিময়ে লাইব্রেরীর সদস্যপদ গ্রহণ করতে পারেন।

দাতব্য চিকিৎসালয়

মাতৃমন্দির সমিতি জনগণের জন্য বিশেষ করে গরীব ও দুঃস্থদের সুবিধার্থে গত কয়েক বছর ধরে মন্দির প্রাঙ্গণে দাতব্য হোমিওপ্যাথি চিকিৎসালয় (Homeopathy) চালাচ্ছে। এই চিকিৎসালয়ে অভিজ্ঞ চিকিৎসক এবং আধুনিক ঔষধের সম্ভার রয়েছে। এই চিকিৎসালয় প্রতিদিন দিবা ১১.০০ হইতে ২.০০ ও সন্ধ্যা ৬টা থেকে ৮ টা পর্যন্ত (রবিবার ও ছুটির দিন ব্যতীত) খোলা থাকে। প্রয়োজনে আপনারা এই দাতব্য চিকিৎসালয়গুলির সাহায্য নিতে পারেন। মাতৃমন্দিরে একটি 'ফিজিও থেরাপী' (Physio Therapy) ইউনিটও খোলা হয়েছে। আধুনিক যন্ত্র-পাতি সম্বলিত এই উন্নত ধরনের চিকিৎসা সেবার সুযোগ রোগীরা গ্রহণ করতে পারেন - প্রতিদিন সন্ধ্যা ৬টা থেকে রাত ৮টা পর্য্যন্ত; রবিবার বন্ধ থাকে।

আদ্যা স্তোত্রম্

ওঁ শ্রী আদ্যায়ৈ নমঃ

শৃণু বৎস প্রবক্ষ্যামি আদ্যাস্তোত্রং মহাফলম্।
যঃ পঠেৎ সততং ভক্ত্যাস এব বিষ্ণু বল্লভঃ।। ১

মৃত্যুর্ব্যাধি ভয়ং তস্য নাস্তিকিঞ্চিৎ কলৌ যুগে।
অপুত্রো লভতে পুত্রং ত্রিপক্ষং শ্রবণং যদি।।২

দ্বৌ মাসৌ বন্ধনা ন্মুক্তিঃ বিপ্রবক্ত্যাৎ শ্রুতং যদি।
মৃত্যবৎসা জীববৎসা যন্মাসং শ্রবণং যদি।।৩

নৌকায়াং সঙ্কটে যুদ্ধে পঠনাজ্জয়মাপ্নুয়াৎ।
লিখিত্ব স্থাপয়েদ্ গেহে নাগ্নিচৌর ভয়ং কচিৎ।।৪

রাজস্থানে জয়ী নিত্যং প্রসন্না সর্বদেবতা।
ওঁ হ্রীং ব্রহ্মাণী ব্রহ্মলোকে চ বৈকুণ্ঠে সর্বমঙ্গলা।।৫

ইন্দ্রাণী অমরাবত্যা অম্বিকা বরুণালয়ে।
যমালয়ে কালরূপা কুবের ভবনে শুভা।।৬

মহানন্দাগ্নিকোণে চ ব্যায়ব্যাং মৃগবাহিনী।
নৈঋত্যাং রক্তদন্তা চ ঐশান্যাং শূলধারিনী।।৭

পাতালে বৈষ্ণবীরূপা সিংহলে দেবমোহিনী।
সুরসা চ মণিদ্বীপে লঙ্কায়াং ভদ্রকালিকা।।৮

রামেশ্বরী সেতুবন্ধে বিমলা পুরুষোত্তমে।
বিরজা ঔড্রদেশে চ কামাখ্যা নীলপর্বতে।।৯

কালিকা বঙ্গদেশে চ অযোধ্যায়াং মহেশ্বরী।
বারাণস্যামন্নপূর্ণা গয়াক্ষেত্রে গায়েশ্বরী।।১০

কুরুক্ষেত্রে ভদ্রকালী ব্রজে কাত্যায়নী পরা।
দ্বারকায়াং মহামায়া মধুরায়াং মহেশ্বরী।।১১

ক্ষুধাত্বং সর্বভুতানাং বেলা ত্বংসাগরস্য চ।
নবমী শুক্লপক্ষস্য কৃষ্ণস্যৈকাদশী পরা।।১২

দক্ষস্য দুহিতা দেবী দক্ষযজ্ঞ বিনাশিনী।
রামস্য জানকী ত্বং হি রাবণধ্বংসকারিনী।।১৩

চণ্ড মুণ্ডবধে দেবী রক্তবীজ বিনাশিনী।
নিশুম্ভ শুম্ভ মথনী মধুকৈটভ ঘাতিনী।।১৪

আদ্যা স্তোত্রম্

বিষ্ণুভক্তি প্রদা দুর্গা সুখদা মোক্ষদা সদা।
আদ্যাস্তবমিমং পুণ্যং যঃ পঠেৎ সতত নরঃ।।১৫

সর্ব্বজ্বর ভয় ন স্যাৎ সর্ব্ব ব্যাধি বিনাশনম।
কোটিতীর্থ ফলং তস্য লভতে নাত্র সংশয়ঃ।।১৬

জয়া মে চাগ্রতঃ পাতু বিজয়া পাতু পৃষ্ঠতঃ।
নারায়ণী শীর্ষদেশে সর্ব্বাঙ্গে সিংহ বাহিনী।।১৭

শিবদূতী উগ্রচণ্ডা প্রত্যঙ্গে পরমেশ্বরী।
বিশালাক্ষী মহামায়া কৌমারী শঙ্খিনী শিবা।।১৮

চক্রিণী জয়দাত্রী চ রণমত্তা রণপ্রিয়া।
দুর্গা জয়ন্তী কালী চ ভদ্রকালী মহোদরী।।১৯

নারসিংহী চ বারাহী সিদ্ধিদাত্রী সুখপ্রদা।
ভয়ঙ্করী মহারৌদ্রী মহাভয় বিনাশিনী।।২০

ইতি ব্রহ্মযামলে ব্রহ্মনারদসংবাদে আদ্যাস্তোত্রং সমাপ্তম্।।

বাবা লোকনাথ ব্রহ্মচারীর বাণী



"রণে বনে জলে জঙ্গলে যখন বিপদে পরিবে,
আমাকে স্মরণ করিও আমি রক্ষা করিব।"

"আমি কাহাকেও বা বকি, কাহাকেও বা মারি,
আবার কাহাকেও বা কোলে তুলিয়া লই,
কিন্তু কাহারও উপর আমার কোনো ক্রোধ নাই।"



"যাহারা আমার নিকট আসিয়া আমার আশ্রয় গ্রহণ করে,
তাহাদের দুঃখে আমার হৃদয় আদ্র হয়। এই আর্দ্রতাই আমার দয়া,
ইহাই আমার শক্তি যা তাহাদের উপর প্রসারিত হয় এবং
তাহাদের দুঃখ দূর হয়।"

"আমি ধরা না দিলে, আমাকে ধরিতে পারে কার বাপের সাধ্য।"

"শ্রী জগদীশজী কী আরতী"

১) ওম জয় জগদীশ হরে, স্বামী জয় জগদীশ হরে
ভক্ত জনোঁ কে সঙ্কট, ক্ষণ মেঁ দূর করে
ওম জয় জগদীশ হরে।।

২) জো ধ্যাবে ফল পাবে, দুখ বিনসে মন কা
স্বামী দুখ বিনসে মন কা
সুখ সম্পত্তি ঘর আবে, কষ্ট মিটে তন কা
ওম জয় জগদীশ হরে।।

৩) মাতা-পিতা তুম মেরে, শরণ গহুঁ ম্যাঁ কিসকি
স্বামী শরণ গহুঁ ম্যায় কিসকি,
তুম বিন অউর না দুজা, আস করুঁ ম্যায় জিসকী
ওম জয় জগদীশ হরে।

৪) তুম পূরণ পরমাত্মা, তুম অন্তর্যামী
স্বামী তুম অন্তর্যামী
পারব্রহ্ম পরমেশ্বর, তুম সবকে স্বামী
ওম জয় জগদীশ হরে।।

৫) তুম করুণাকে সাগর, তুম পালন কর্তা
স্বামী তুম পালন কর্তা,
ম্যাঁ মুরখ খলকামী, কৃপা করো ভর্তা
ওম জয় জগদীশ হরে।।

৬) তুম হো এক অগোচর, সবকে প্রাণ পতি
স্বামী সবকে প্রাণ পতি
কিস বিধি মিলুঁ দয়াময়, তুমকো ম্যাঁ কুমতী
ওম জয় জগদীশ হরে।।

৭) দীনবন্ধু দুখহর্তা, ঠাকুর তুম মেরে
স্বামী ঠাকুর তুম মেরে
আপনে হাত উঠাও, দ্বার পড়া তেরে
ওম জয় জগদীশ হরে।।

৮) বিষয় বিকার মিটাও, পাপ হরো দেবা
স্বামী পাপ হরো দেবা
শ্রদ্ধা ভক্তি বাঢ়াও, সন্তন কী সেবা
ওম জয় জগদীশ হরে।।

৯) শ্রী জগদীশজী কী আরতী, জো কোই নর গাবে
স্বামী জো কোই নর গাবে
কহত শিবানন্দ স্বামী, সুখ সম্পত্তি পাবে
ওম জয় জগদীশ হরে।।

।। ভ্রম ।।

ডঃ শ্রীসুধাংশু কুমার মহাপাত্র।
প্রধান পুরোহিত, মাতৃমন্দির

মা কুরু ধনজনযৌবনগর্বং, হরতি নিমেষাৎ কালঃ সর্বম্।
মায়াময়মিদমখিলং হিত্বা, ব্রহ্মপদং প্রবিশাশু বিদিত্বা।।

ধন, জন এবং যৌবনের গর্ব করিও না, — কাল সমস্তই নিমেষে হরণ করে; মায়াময় এই অখিল জগৎকে ত্যাগ করিয়া অবিলম্বে পরব্রহ্মাস্বরূপ জ্ঞাত হইয়া তাহাতে প্রবেশ কর।

গোধূলি বেলা; আলো-আঁধার ভরে আছে চারিদিকে। খোলা একটা মাঠ, তার তিন পাশ দিয়ে রাস্তা চলে গেছে। একধারে আমবাগান। ছেলেদের খেলার মাঠ এটি।

গরমের দিন। সন্ধ্যার পর মাঠে বেড়াতে আসে অনেকেই। কেউ একা, কেউ বা বন্ধুদের নিয়ে দানা বেঁধে এখানে ওখানে ছড়িয়ে বসে সেদিনও অনেকেই এসেছিল; রাস্তা দিয়েও লোক চলাচল করছে।

মাঠের একপাশে দুটি ছেলে খেলা করছিল; বাবার সঙ্গে তারা বেড়াতে এসেছে। খেলতে খেলতে হঠাৎ একজন থমকে দাঁড়াল; বাগানের দিকে আঙ্গুল দেখিয়ে বলল, "ওটা কি?"

সঙ্গিটিও চাইল সেদিকে। দুজনেই মন দিয়ে দেখল। হ্যাঁ, ভূত ছাড়া আর কি হবে? আমগাছের নীচে জমাট বাঁধা আঁধারে দাঁড়িয়ে গোল গোল দুটো চোখ মেলে তাকিয়ে আছে তাদের দিকে। ডান হাতটা মাঝে মাঝে নাড়ছে, ধরতে পারলে কামড়ে খাবে। কানাই তারা দুজনে ভূতের গল্প শুনেছিল দিদিমার কাছে।

চিৎকার করে কেঁদে উঠে দুজনে ছুটে এল বাবার কাছে। ভয়ে জড়িয়ে ধরল তাঁকে। রাস্তার ওপর একজন পথিকের দৃষ্টিও আমবাগেনের দিকে আকৃষ্ট হয়েছে। সেও চলা বন্ধ করে দাঁড়িয়ে গেছে। আমবাগানের ভেতর ও কে? তাকেই তো লক্ষ্য করছে, এক দৃষ্টে চেয়ে আছে তার দিকে; হাতের লাঠিটা দোলাচ্ছে একটু একটু! হ্যাঁ ঠিকই দেখেছে সে। বরাত জোর তাই একটু দূর থেকেই নজরে পড়ল, নইলে

হয়েছিল আর কি! যে পুলিশটা তার পিছু নিয়েছে, সেই তো ওখানে অপেক্ষা করছে তাকে ধরবে বলে! আর খানিকটা এগিয়ে ওদিকে গেলেই ধরত এসে। সঙ্গে সঙ্গে পিছন ফিরে সে দৌড়ল লাগল।

সে একজন চোর!

আমবাগানে একজন মালি থাকে। যতদিন গাছের ফল সব পাড়া না হয়, ততদিন সজাগ দৃষ্টি রাখে চারিদিকে। সে দেখল, একজন লোক বাগানের ভেতর সন্তর্পনে এগিয়ে চলেছে। কাছে গিয়ে কি জন্য এসেছে জিজ্ঞাসা করতে লোকটি একদিকে আঙ্গুল দেখিয়ে বলল, "আমি একজনকে খুব ভালোবাসি, ভাই! রাস্তা দিয়ে যেতে যেতে দেখলাম ওই আমতলায় সে দাঁড়িয়ে আছে, হাতের ঈশারায় আমাকে ডাকছে। তার কাছে যাচ্ছি। আমি আম চুরি করতে আসিনি।

তার কথা শুনে মালি ফিরে গেল। লোকটি যেদিকে যাচ্ছিল সেদিকেই এগিয়ে চলল।

ওদিকে একটি পুলিশেরও দৃষ্টি আকৃষ্ট হয়েছে একই জায়গায়। অন্ধকারে জঙ্গলের মধ্যে কে আর লুকিয়ে থাকবে এসময়? নিশ্চয়ই সেই চোরটা, যাকে ধরার জন্য সে ঘুরে বেড়াচ্ছে। পুলিশটিও এগিয়ে চলল সেদিকে।

আমবাগানের ভেতর দিয়ে সে আসছিল, সেই লোকটি আর পুলিশটি প্রায় একই সঙ্গে পৌঁছে গেল সেখানে। পৌঁছে সে দেখে একটা শুকনো গাছের গুঁড়ি; আবছা আলোতে সেটা ঠিক মানুষের মত দেখাচ্ছে। একটা শুকনো ডাল ঝুলে রয়েছে একপাশে। সেটা মাঝে মাঝে হাওয়ায় দুলছিল। তাই দেখে দূর থেকে মনে হচ্ছিল যেন হাত নাড়ছে।

এই গুঁড়িটাকে ছেলেরা ভূত ভেবেছে, চোর পুলিশ ভেবেছে, পুলিশ চোর ভেবেছে, আর লোকটি ভেবেছে তার ভালোবাসার পাত্র বলে।

সত্যবস্তুকে সত্যবস্তু রূপে না দেখে ভ্রমের জন্য অন্যরকম দেখি আমরা। একই সত্যবস্তুতে আমরা এক একজন এক এক রকম দেখি। যার যেমন ভাব, যার যেমন মনেক অবস্থা জগৎটাকে সে সেইরকম দেখে। লাল চশমা চোখে দিলে সব লাল দেখায়, নীল চশমায় নীল।

যাঁদের মন শুদ্ধ হয়েছে তাঁরা আর ভুল দেখেন না, তাঁরা মায়ামুক্ত; তাঁরাই শুধু দেখেন যে, একই সত্যবস্তু জগতের সব কিছুর ভেতর-বার জুড়ে রয়েছে; বস্তু বলতে চৈতন্য ছাড়া আর কিছুই নেই।

(গল্পে বেদান্ত)

নবগ্রহ - স্তোত্রম্

রবিঃ

ওঁ জবাকুসুমসঙ্কাশং কাশ্যপেয়ং মহাদ্যুতিম্।
ধ্বান্তারিংসর্ব্বপাপঘ্নং প্রণতোহস্মি দিবাকরম্।।

চন্দ্রঃ

দিব্যশঙ্খতুষারাভং ক্ষীরদার্ণবসম্ভবম্।
নমামি শশিনং ভক্ত্যা শম্ভোর্মুকুটভূষণম্।।

মঙ্গলঃ

ধরণীগর্ভসম্ভুতং বিদ্যুৎপুঞ্জসমপ্রভম্।
কুমারং শক্তিহস্তঞ্চ লোহিতাঙ্গং নমাম্যহম্।।

বুধঃ

প্রিয়ঙ্গুকলিকাশ্যামং রূপেণাপ্রতিমংবুধম্।
সৌম্যং সর্ব্বগুণোপেতং নমামি শশিনঃ সুতম্।।

গুরুঃ

দেবতানাং ঋষীণাঞ্চ গুরোং কন্নকসন্নিভম্।
বন্দ্যভূতং ত্রিলোকেশং তং নমামি বৃহস্পতিম্।।

শুক্রঃ

হিমকুন্দমৃণালাভং দৈত্যানাং পরমং গুরুম্।
সর্ব্বশাস্ত্রপ্রবক্তারং ভার্গবং প্রণমাম্যহম্।।

শনিঃ

নীলাঞ্জনসমাভাসং রবিপুত্রং মহাগ্রহম্।
ছায়ায়াঃ গর্ভসম্ভূতং বন্দে ভক্ত্যা শনৈশ্চরম্।।

রাহুঃ

অর্দ্ধকায়ং মহাঘোরং চন্দ্রাদিত্যবিমর্দ্দকম্।
সিংহিকায়াঃ সুতং রৌদ্রং তং রাহুং প্রণমাম্যহম্।।

কেতুঃ

পলাশধূমসঙ্কাশং তারাগ্রহবিমর্দ্দকম্।
রৌদ্রং রুদ্রাত্মকং ক্রুরং তং কেতুং প্রণমাম্যহম্।।

ফলশ্রুতিঃ

ইতি ব্যাসমুখোদ্‌গীতং যঃ পঠেৎ সুসমাহিতম্।
দিবা বা যদি বা রাত্রৌ শান্তিস্তস্য ন সংশয়ঃ।।
ঐশ্বর্যমতুলং তেষামারোগ্যং পুষ্টিবর্দ্ধনম্।
নরনারী-নৃপাণাঞ্চ ভবেদ্দুঃস্বপ্ননাশনম্।।
গ্রহনক্ষত্রজাঃ পীড়াস্তস্করাগ্নিসমুদ্‌ভূবাঃ।
তাঃ সর্ব্বাঃ প্রশমং যান্তি ব্যাসো ব্রুতে ন সংশয়ঃ।।

– ইতি শ্রী ব্যাসবিরচিতং নবগ্রহ স্তোত্রং সম্পূর্ণম্।

মহামৃত্যুঞ্জয় মন্ত্র ও তার অর্থ

ওঁ এম্বকং যজামহে সুগন্ধিং পুষ্টিবর্ধনম্।
উর্বারুকমিব বন্ধনান্মৃত্যুর্মুক্ষীয় মামৃতাৎ।।

আমি ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর এই তিনের উৎপাদক পিতা পরম ব্রহ্মের উপাসনা করি, যাঁর নাম তিনলোক তথা সারা বিশ্বে ছড়িয়ে আছে এবং যিনি বিশ্ব এবং উপাসকের অনিমাদি ঐশ্বর্যবর্ধন করেন। যিনি আত্মাকে মৃত্যু বা মর্ত্যলোক থেকে মুক্ত করে অমৃতলোকে প্রদান করেন।

।। শিব শব্দের অর্থ কি ? ।।

শ্রী মৃণালকান্তি গোস্বামী

পুরোহিত, মাতৃমন্দির

"মঙ্গল" হল শিবের শব্দের অর্থ তাই প্রতিটি মঙ্গলময় জিনিস বা ব্যক্তিত্ব হলো শিব স্বরূপ। আর মঙ্গলকে আশ্রয় না করে কয়জন বাঁচতে পারে? তাই শিবকে সবাই আশ্রয় করে। এই শিব স্বরূপ ব্যক্তিত্ব, মঙ্গলময় ও আশ্রয়দাতা। ওঁ নমঃ শিবায় মন্ত্র হিন্দুদের অন্যতম প্রধান মন্ত্র। ওম্ সৃষ্টির আদি মন্ত্র, বিশ্ব ব্রহ্মাণ্ড সৃষ্টির আগে মহাশূন্যে যে শব্দ তরঙ্গ ছিল তাই ওম্।

হিন্দু সাধক মুনিরা যুগ যুগ ধরে ওম্ উচ্চারণের মাধ্যমে ঈস্বরের উদ্দেশ্যে তপস্যা করেন। মানব মনের বিশুদ্ধ অন্তঃসত্ত্বাকে জাগ্রত করে এই মন্ত্র। আমরা মহাদেবের জপ করি।

ন, ম, শি, বা, য়, মন্ত্রে — এই মন্ত্রের অর্থ

ন — মানে মাটি

ম — অর্থে জল

শি — অর্থে প্রতিভূ

বা — অর্থে বাতাস বা বায়ু

য় — হলো সবকিছুর প্রতিনিধি স্বরূপ

মহাদেব বা শিবের কাজ হল পাঁচটি। সৃষ্টি করা, পালন করা, বিশুদ্ধ করা, আচ্ছাদিত করা উন্মুক্ত করা। এই পাঁচটি কাজ আমরা পঞ্চভূতের মধ্যে দেখতে পাই। সৃষ্টি ভূমিতে, স্থিতি জলে, সংহার আগুনে। তিরোভাব বাতাসে এবং অনুগ্রহ আকাশে, মাটির শক্তি জলের তারল্য বায়ুর গতি, অগ্নির উত্তাপ এই মন্ত্রের মধ্যে অনুভব করতে পারি।

ওঁ নমঃ শিবায় মন্ত্র সঠিকভাবে জপ করতে পারলে সমস্ত প্রকার অশুভ প্রভাবের হাত থেকে আমরা মুক্তি পেতে পারি এবং আমাদের পঞ্চ ইন্দ্রিয়কে বশে রাখতে পারি। জন্মরহিত, শাশ্বত, সব কারণের কারণ হল শিব, স্ব-স্বরূপে তিনি বিদ্যমান। আলো বা জ্যোতির জ্যোতি হলে শিব। ইনিই আদি ও অন্তহীন, তাই সবশেষে আমরা শিব মূর্তি বা শিবলিঙ্গকে প্রণাম করে বলব —

ওঁ নমঃ শিবায় শান্তায় কারণ ত্রয়হেতবে

নিবেদয়ামি চাত্মানং গতিস্তং পরমেশ্বরম্

ওঁ নমঃ শিবায়, ওঁ নমঃ শিবায়, ওঁ নমঃ শিবায়।

।। পূজার্চনায় ঘট ।।

শ্রী বাপ্পাদিত্য চক্রবর্তী
পুরোহিত, মাতৃমন্দির

"মার অভিষেকে এসো এসো তরা
মঙ্গল ঘট হয়নি যে ভরা
সবার পরশে পবিত্র করা তীর্থ নীরে
আজই ভারতের মহামানবের সাগর তীরে"

সনাতন ধর্মালম্বীদের যে কোন পূজা পার্বন আরম্ভ করার আগে যে বস্তুটি প্রয়োজন তা হয় 'ঘট'। দেবী হোক বা দেব, দেবতার ছবি হোক বা প্রতিমা, বিধিমতে পূজা সুসম্পন্ন করতে হলে ঘটের ব্যবহার অপরিহার্য্য। মাটী, তামা বা পিতলের তৈরি এই পাত্রগুলিকে নানা উপাচারে সজ্জিত করে তার গায়ে সিন্দুর দিয়ে স্বস্তিক চিহ্ন অঙ্কন করে দেবতার প্রতিমার ঠিক অগ্রভাগে স্থাপন করা হয় এই ঘট। কিন্তু কেন? কেন এই ঘট পূজাতে অতি গুরুত্বপূর্ণ? ঘট স্থাপনের জন্য যে উপকরণগুলি লাগে সেগুলোর কি তাৎপর্য্য রয়েছে?

ঘট কোন দেব বা দেবীর মূর্তি বা প্রতিমা নয়। ঘট হল ভগবানের নিরাকার অবস্থার প্রতিক। সনাতন ধর্মের প্রত্যেক দেব-দেবী এক অভিন্ন ও নিরাকার পরমব্রহ্মেরই এক একটি সাকার রূপের প্রকার অর্থাৎ দেব দেবীরা নির্গুণ ব্রহ্মের এক একটি গুণবাচক নাম। তাই সনাতন হিন্দুরা দেব দেবীর পূজা করার সময় যেমন ভগবানের সাকার রূপের পূজা করে থাকেন। ঠিক তেমনি নিরাকার স্বরূপকেও পূজা করে থাকেন। তাই ঘটের স্থাপন প্রতি পূজাতে একান্তই আবশ্যক। ঘটের স্থাপন ছাড়া পূজা করলে তথা ঈশ্বরের সাকার ও নিরাকার রূপের অর্চনা একসঙ্গে না করলে সেই পূজা অসম্পূর্ণ বলে মনে করা হয়। সম্পূর্ণ ঘটকে মানুষের দেহের প্রতিরূপ হিসেবে প্রকাশ করা হলেও এর বিভিন্ন অংশ কিছুটা ভিন্নার্থ নির্দেশ করে, যেমন ঘটের চওড়া অংশ পৃথিবীকে নির্দেশ করে। প্রসারিত কেন্দ্র জলকে নির্দেশ করে, ঘাড় অগ্নিকে নির্দেশ করে, মুখের খোলা অংশ বায়ুকে নির্দেশ করে, ঘটের মুখের ডাব ও আমের পল্লব আকাশকে অর্থাৎ উদারতাকে নির্দেশ করে এবং সম্পূর্ণ ঘট যাকে আমাদের দেহের প্রতিক রূপে মান্যতা দেওয়া হয়ে থাকে।

পূজার সময় পঞ্চগুঁড়ি দিয়ে পিঠ তৈরী করা হয়। এই পঞ্চগুঁড়ি পঞ্চমহাভূত অর্থাৎ ক্ষিতি, অপ, তেজ, মরুৎ ও ব্যোম এর প্রতিক। এই পঞ্চমহাভূতের উপর মৃত্তিকা দিয়ে পিঠ তৈরি করা হয়। মৃত্তিকা বেদীর উপর পঞ্চশস্য দেওয়া হয়। পঞ্চশস্য আমাদের কাম, ক্রোধ, লোভ, মোহ ও মাৎসর্য্য এই পঞ্চমূর্ত্তির প্রতিক। বেদিতে কিছু পরিমাণ ধান দূর্বা অর্পণ করাও শাস্ত্রের বিধান। বেদিতে ধান দেওয়ার অর্থ শস্যপূর্ণ বসুন্ধরা ও দূর্বা প্রদান করার অর্থ সবুজ শ্যামল ভূমি। এই ভূমির উপর ঘট স্থাপন করা হয়। ঘট আমাদের দেহের প্রতিক আধ্যাত্মিক ভাষায় দেহকে দেহ ঘট বলা হয়। ঘটের ভেতর পঞ্চরত্ন দেওয়া হয় যা আমাদের পঞ্চ ইন্দ্রিয় যথা চক্ষু, কর্ণ, নাসিকা, ত্বক ও জ্বিহা। এরপর ঘটে জল ঢেলে পূর্ণ করা হয়। জল হল দেহরস অর্থাৎ রক্ত। ঘটে পঞ্চ পল্লব দেওয়া হল যা আমাদের গ্রীবা বা গলার রূপ। আমাদের গ্রীবায় পঞ্চবায়ু অর্থাৎ পান, অপান, উদান, সমান ও ব্যান থাকে। এই পঞ্চবায়ুই পঞ্চপল্লবের প্রতিক। এর উপরে থাকে ডাব বা নারকেল যা মুখের মতোই। নারকেলেরও চোখ মুখ নাক দেখা যায়। সেই কারণে নারকেল আমাদের মুখ মন্ডলের প্রতিরূপ। মস্তক থাকলে তাতে আচ্ছাদন দিতে হয়। আর সেই কারণে নারকেলের উপর গামছা, বস্ত্র দেওয়া হয়। এই হলো আমাদের দেহের প্রতিরূপ। আর কান্ডকাঠী বা তীরকাঠী যেগুলো ঘটকে পরিবেষ্টন করে থাকে, তা চার বেদের প্রতিক।

